গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
সমন্বয় শাখা
বিএসএল অফিস কমপ্লেক্স (ভবন-২), ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | জাকারিয়া<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | **০৩ ডিসেম্বর, ২০২৪ খ্রি:** |
| সভার সময় | **বিকাল ০৩.০০ ঘটিকা** |
| স্থান | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য। |

সভাপতি শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সহকারী পরিচালক জনাব আসমা উল হোসনা কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াদি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে তিনি আলোচ্যসূচি অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১. গত সভার কার্যবিবরণী অনুমোদন:<br>সভায় জানানো হয় যে, ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভাটি ৪ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। কার্যবিবরণী ইতিপূর্বে সকরের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যিববরণীটি সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন আপত্তি বা সংশোধন না থাকায় তা অনুমোদনের বিষয়ে মতামত প্রকাশ করা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী অনুমোদন করা হলো। | ফোকাল পয়েন্ট |
| ২. ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা:<br>সভায় ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম ত্রৈমাসিকে গৃহীত কার্যক্রমসমূহের সামগ্রিক অগ্রগতি পর্যালোচনা করা হয়। ১ম ত্রৈমাসিকের অগ্রগতি সন্তোষজনক মর্মে উপস্থিত সদস্যরা মতামত ব্যক্ত করেন এবং প্রয়োজনীয় প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | ধার্যকৃত সময়ের মধ্যে ১ম ত্রৈমাসিকের অগ্রগতি NIS সফটওয়্যারের দাখিল করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ২.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন:<br>সভায় নির্দিষ্ট সময়ের মধ্যে নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। প্রতি ত্রৈমাসিকের শুরুতে ১ম মাসেই নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | ৩য় ত্রৈমাসিকের জন্য নির্ধারিত নৈতিকতা কমিটির সভাটি জানুয়ারি, ২০২৫ এর মধ্যে আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট |

| | | |
|---|---|---|
| ২.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:<br>নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যথাসময়ে সকল সিদ্ধান্ত যেন শতভাগ বাস্তবায়ন সম্ভবপর হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সদা তৎপর থাকার নির্দেশনা দেওয়া হয়। | নৈতিকতা কমিটির সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ২.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা:<br>শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর আওতায় ১ম ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বিগত অর্থবছরে অনুষ্ঠিত ৪টি জেলা, পর্যটন এলাকা এবং বিভাগীয় জেলা ব্যতীত অন্যান্য জেলায় অংশীজনের সভা আয়োজনের বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। | ২য় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভা আয়োজন নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ২.৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:<br>সভায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ২য় ত্রৈমাসিকে ৩০ জন কর্মচারীকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা থাকলেও ২৩ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পদ শূন্য হওয়ায় ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা যায়নি। | ২য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রার (৩০ জন) বিপরীতে ২৩ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করায় প্রমাণক দাখিলের সময় কর্মচারীদের শুন্যপদের তথ্য উল্লেখ করে ব্যাখ্যা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ২.৫. কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)<br>সভায় কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিতকরণ) বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্তৃপক্ষের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | কর্তৃপক্ষের পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ২.৬. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:<br>আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। এপিএএমএস সফটওয়্যার বিষয়ক জটিলতার কারণে নির্ধারিত সময়সীমার মধ্যে ১ম ত্রৈমাসিক ফিডব্যাক প্রদান করা সম্ভব হয়নি মর্মে সভাকে অবহিত করা হয়। | জেলা এবং মেট্রোপলিটন কার্যালয় কর্তৃক APAMS সফটওয়্যারে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণক সহকারে ই-মেইলের মাধ্যমে সংগ্রহ এবং হার্ড ফাইলের মাধ্যমে ফিডব্যাক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |
| ২.৭. অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের):<br>অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের বিষয়ে (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) সভায় আলোচনা করা হয়। | ২০২৪-২৫ অর্থবছরে ক্রমপুঞ্জিভূত লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) ও প্রকল্প পরিচালক |
| ২.৮ বাজেট বাস্তবায়ন:<br>২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট (রাজস্ব ও উন্নয়ন বাজেট) যথাযথভাবে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরের ২য় ত্রৈমাসিকের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন:<br>২০২৪-২০২৫ অর্থবছরের ২য় ত্রৈমাসিকে PIC প্রকল্পের দুটি সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের নির্ধারিত PIC সভাটি গত ২৪-১০-২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | JICA-STIRC প্রকল্পের ২য় ত্রৈমাসিকের জন্য নির্ধারিত PIC সভাটি ৩১ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে আয়োজন নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক (JICA-STIRC) |

| | | |
|---|---|---|
| ৩.১ হাটবাজারে অনিরাপদ খাদ্য প্রস্তুত ও পরিবেশন প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম (ভিডিও প্রদর্শনী/ প্রচার কার্যক্রম): উক্ত কার্যক্রমের আওতায় কি কি জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর উপস্থিত সদস্যবৃন্দ জনসভা/নাটক/কুইজ প্রতিযোগিতা ইত্যাদি কার্যক্রম গ্রহণের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ৫টি জেলার ৫টি উপজেলা নির্ধারণ করে উক্ত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (খাদ্য ভোক্তা সচেতনতা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিভাগ) |
| ৩.২ মিট দ্যা প্রেস: সভায় মিট দ্যা প্রেস বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত কার্যক্রমটি সম্পাদনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ২য় ত্রৈমাসিকের ''মিট দ্যা প্রেস'' কার্যক্রমটি ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে আয়োজন নিশ্চিত করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা |
| ৩.৩. নিরাপদ বার্তা সম্বলিত গাড়ির মাধ্যমে ব্রান্ডিং: নিরাপদ বার্তা সম্বলিত গাড়ির মাধ্যমে ব্র্যান্ডি কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে পরিচালক (খাদ্য ভোক্তা সচেতনতা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিভাগ) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রমটি সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (খাদ্য ভোক্তা সচেতনতা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিভাগ) |
| ৩.৪. দেয়ালিকা স্থাপনের মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ক প্রচার: সভায় দেয়ালিকা স্থাপনের মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ক প্রচার এর বিষয়ে বিশদ আলোচনা করা হয়। | ৩১ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে কার্যক্রমটি সমাপ্ত করতে হবে। | পরিচালক (খাদ্য ভোক্তা সচেতনতা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিভাগ) |
| ৩.৫. আউট অফ দ্যা বক্স কার্যক্রম: আউট অফ দ্যা বক্স কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে উপস্থিত সদস্যবৃন্দ ''প্রতিটি জেলার ১ টি করে উপজেলার হাই স্কুলের শিক্ষকদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করেন''। | ৩য় এবং ৪র্থ ত্রৈমাসিকে পর্যায়ক্রমে প্রতিটি জেলার ১ টি করে উপজেলায় হাই স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১১-১২-২০২৪
জাকারিয়া
চেয়ারম্যান
২২২২২৩৬২৬
chairman@bfsa.gov.bd


তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৩.০২.০০০০.৯১১.৫৪.০০১.২১.৪৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। অতিরিক্ত পরিচালক, (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৬। কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের নবম গ্রেডের সকল কর্মকর্তা।

১২-১২-২০২৪
আসমা উল হোসনা
সহকারী পরিচালক